দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 AUG 2017
পৃষ্ঠা ১১ কলাম ২

# কুয়েটের বাজেট অনুমোদন

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ।** খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৬৫ কোটি ৮০ লাখ টাকার মূল রাজস্ব বাজেট অনুমোদন করা হয়েছে। বাজেট ব্যবস্থাপনা কমিটির ষষ্ঠ সভার প্রস্তাবনা মোতাবেক বৃহস্পতিবার কুয়েটের সিন্ডিকেট সভায় এ বাজেট অনুমোদন দেয়া হয়। সভায় ২০১৬-১৭ অর্থবছরের জন্য ৬২ কোটি ৫০ লাখ টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুয়েটের ভাইস চ্যান্সেলর ও সিন্ডিকেটের সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েটের ২০১৭-১৮ অর্থবছরের জন্য অনুমোদিত ৬৫ কোটি ৮০ লাখ টাকার বাজেটের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারী অনুদানের সম্ভাব্য পরিমাণ ৬১ কোটি ৩০ লাখ টাকা, নিজস্ব সূত্র হতে আয় চার কোটি ৫০ লাখ টাকা ধরা হয়েছে।

এর মধ্যে বেতন-ভাতাদি খাতে ৪০ কোটি ৬৩ লাখ; পেনশন খাতে ৬ কোটি ৮৭ লাখ, সাধারণ আনুষঙ্গিক খাতে সাত কোটি ৫০ লাখ, শিক্ষা আনুষঙ্গিক খাতে ছয় কোটি ৭০ লাখ, মেরামত ও সংরক্ষণ খাতে এক কোটি ৫০ লাখ টাকা এবং মূলধন মঞ্জুরি খাতে দুই কোটি ৬০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।